



প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

برائيم اسلامي لايف انشورنس لميتيد

Prime Islami Life Insurance Limited



সেপ্টেম্বর ২৪, ২০১৯

সকল বিভাগীয় প্রধান (প্রধান কার্যালয়)
সকল প্রকল্প পরিচালক/বিভাগীয় প্রধান (উন্নয়ন)
সকল জোন এবং সার্ভিস সেন্টার ইনচার্জগণ
সকল ড্রাইভারবৃন্দ(একক ও প্রকল্প/ডিভিশন)।

অফিস প্রজ্ঞাপন নং : ৯৪-২০১৯

অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, ইদানিং উল্লেখযোগ্য সংখ্যক অবৈধভাবে পার্কিং করা অথবা অবৈধভাবে পার্কিং এর কারণে রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি অথবা কোন ট্রাফিক আইন লঙ্ঘনের ভিডিওর ভিত্তিতে সংশ্লিষ্ট ড্রাইভারসহ গাড়ীর কাগজপত্র নিয়ে পুলিশ অফিসে হাজির হতে নির্দেশ প্রদান করা হচ্ছে। পরবর্তীতে অবৈধ পার্কিং বা রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টির অথবা ট্রাফিক আইন অমান্য করার দায়ে জরিমানা করা হচ্ছে। ফলে কোম্পানী আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

উল্লেখ্য, ইতিপূর্বে গত জুন ২৪, ২০১৮ তারিখে অফিস প্রজ্ঞাপন নং : ৪৮-২০১৮ এর মাধ্যমে কোম্পানীর সকল ড্রাইভারকে কোম্পানীর গাড়ী সর্বদা বৈধ পার্কিং এ রাখার নির্দেশ প্রদান করা হয়। একইসাথে কোন অবস্থাতেই অবৈধ পার্কিং এ যাতে গাড়ী না রাখা হয় এবং রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টিসহ কোন ধরনের ট্রাফিক আইন যাতে লঙ্ঘিত না হয় এ ব্যাপারে সর্বদা সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করা হয়। সকল গাড়ী ব্যবহারকারী এবং তাদের ড্রাইভারদেরকে এ ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা দেয়াসহ সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হয়।

এমতাবস্থায়, কোম্পানীর সকল ড্রাইভারকে গাড়ীর সকল কাগজপত্র সাথে রাখা, গাড়ী সর্বদা বৈধ পার্কিং এ রাখাসহ কোন অবস্থাতেই অবৈধ পার্কিং এ যাতে গাড়ী না রাখা হয় এবং রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টিসহ কোন ধরনের ট্রাফিক আইন যাতে লঙ্ঘিত না হয় এ ব্যাপারে সর্বদা সতর্ক থাকার জন্য পুনরায় কঠোর নির্দেশ প্রদান করা হলো।

সকল গাড়ী ব্যবহারকারী ও তাদের ড্রাইভারদের এ ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা দেয়াসহ এ বিষয়ে সতর্ক থাকার জন্য পুনরায় পরামর্শ প্রদান করা হলো।

কাজী আবুল মনজুর
এসইডিপি ও ইনচার্জ
প্রশাসন বিভাগ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য :

১. মূখ্য নির্বাহী কর্মকর্তা।
২. উপ-ব্যবস্থাপনা পরিচালক, কোম্পানী সচিব ও সিএফও।
৩. মাস্টার ফাইল।
৪. অফিস কপি।

আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন

প্রধান কার্যালয় : রাজ ভবন (৭ম তলা), ২৯, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, ফোন : ৪১১২৪৮৮, ৯৫৫৪৫৩৮, ৯৫৭৬৪০৪, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০
ই-মেইল : pilil@primelifebd.com, pililbd@gmail.com, web : www.primeislamifield.com



প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

برائيم اسلامي لايف انشورنس لميتيد

Prime Islami Life Insurance Limited



সেপ্টেম্বর ২৪, ২০১৯

সকল বিভাগীয় প্রধান (প্রধান কার্যালয়)

সকল প্রকল্প পরিচালক/বিভাগীয় প্রধান (উন্নয়ন)

সকল জোন এবং সার্ভিস সেন্টার ইনচার্জগণ

সকল ড্রাইভারবৃন্দ(একক ও প্রকল্প/ডিভিশন)।


অফিস প্রজ্ঞাপন নং : ৯৪-২০১৯

অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, ইদানিং উল্লেখযোগ্য সংখ্যক অবৈধভাবে পার্কিং করা অথবা অবৈধভাবে পার্কিং এর কারণে রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি অথবা কোন ট্রাফিক আইন লঙ্ঘনের ভিডিওর ভিত্তিতে সংশ্লিষ্ট ড্রাইভারসহ গাড়ীর কাগজপত্র নিয়ে পুলিশ অফিসে হাজির হতে নির্দেশ প্রদান করা হচ্ছে। পরবর্তীতে অবৈধ পার্কিং বা রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টির অথবা ট্রাফিক আইন অমান্য করার দায়ে জরিমানা করা হচ্ছে। ফলে কোম্পানী আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

উল্লেখ্য, ইতিপূর্বে গত জুন ২৪, ২০১৮ তারিখে অফিস প্রজ্ঞাপন নং : ৪৮-২০১৮ এর মাধ্যমে কোম্পানীর সকল ড্রাইভারকে কোম্পানীর গাড়ী সর্বদা বৈধ পার্কিং এ রাখার নির্দেশ প্রদান করা হয়। একইসাথে কোন অবস্থাতেই অবৈধ পার্কিং এ যাতে গাড়ী না রাখা হয় এবং রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টিসহ কোন ধরনের ট্রাফিক আইন যাতে লঙ্ঘিত না হয় এ ব্যাপারে সর্বদা সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করা হয়। সকল গাড়ী ব্যবহারকারী এবং তাদের ড্রাইভারদেরকে এ ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা দেয়াসহ সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হয়।

এমতাবস্থায়, কোম্পানীর সকল ড্রাইভারকে গাড়ীর সকল কাগজপত্র সাথে রাখা, গাড়ী সর্বদা বৈধ পার্কিং এ রাখাসহ কোন অবস্থাতেই অবৈধ পার্কিং এ যাতে গাড়ী না রাখা হয় এবং রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টিসহ কোন ধরনের ট্রাফিক আইন যাতে লঙ্ঘিত না হয় এ ব্যাপারে সর্বদা সতর্ক থাকার জন্য পুনরায় কঠোর নির্দেশ প্রদান করা হলো।

সকল গাড়ী ব্যবহারকারী ও তাদের ড্রাইভারদের এ ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা দেয়াসহ এ বিষয়ে সতর্ক থাকার জন্য পুনরায় পরামর্শ প্রদান করা হলো।


কাজী আবুল মনজুর
এসইভিপি ও ইনচার্জ
প্রশাসন বিভাগ

আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন

প্রধান কার্যালয় : রাজ ভবন (৭ম তলা), ২৯, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, ফোন : ৪১১২৪৮৮, ৯৫৫৪৫৩৮, ৯৫৭৬৪০৪, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০
ই-মেইল : pilil@primelifebd.com, pililbd@gmail.com, web : www.primeislamilifebd.com